ঈদুল আযহা উপলক্ষে মহারাজপুর ইউনিয়ন পরিষদে চাল বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার মহারাজপুর ইউনিয়ন পরিষদে রবিবার সকাল ১০ঘটিকার সময় মাননীয় প্রধানমন্ত্রীর ঈদ উপহার করোনা ভাইরাস ঘটিত লকডাউন ও শাটডাউনে ঘরবন্ধী দুস্থ ও অসহায় খেটে খাওয়া মানুষের হাতে ভি জি এফ ১০ কেজি চাউল তুলে দেন।

চাউল বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন চেয়ারম্যান মোঃ খুরশিদ আলম, ট্যাগ অফিসার ঝিনাইদহ পরিসংখ্যান অফিসের ওয়ালিউর রহমান, সচিব মোঃ শহিদুল ইসলাম ও মেম্বারগন কৃষক লীগ, যুবলীগ ছাত্রলীগসহ আরও অনেকে। বাংলার অবহেলিত পরিবার গুলো দুবেলা দুমুঠো খেতে পারে। কোনো মানুষকে এখন আর না খেয়ে থাকতে হয় না।

সবার কন্ঠে বাঁজে শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুধা হবে নিরুদ্দেশ। ৭নং মহারাজপুর ইউনিয়নের চেয়ারম্যান খুরশিদ আলম মিয়া এই করোনাকালীন ও লকডাউন এর সময় অসহায় ও গরিব মানুষের ঘরে ঘরে খাদ্যদ্রব্য পৌঁছিয়ে দেন এবং তার ইউনিয়নের করোনা আক্রান্ত সকল মানুষের খোঁজ খবর রাখেন ।

কালীগঞ্জ পৌর বিএনপি’র উদ্যেগে মাস্ক বিতরণ

মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় জনসাধারণের মাঝে মাস্ক বিতরণ করেছে কালীগঞ্জ পৌর বিএনপি। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় ও একাদশ জাতীয় সংসদ নির্বাচনে বি এনপির মনোনীত প্রার্থী সাইফুল ইসলাম ফিরোজ এর সার্বিক তত্বাবধানে পৌর বিএনপির নেতৃবৃন্দ এই মাস্ক বিতরন করেন।

রবিবার বিকালে শহরের থানা রোডস্হ দলীয় কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন সড়কে নানা শ্রেণী পেশার মানুষের মাঝে

মাস্ক পরিয়ে দেন পৌর বি এনপির নেতৃবৃন্দ। এ সময় উপস্থিত ছিলেন উপজেলা বি এনপির আহ্বায়ক আলহাজ্ব মাহাবুবার রহমান, যুগ্ম আহ্বায়ক তবিবুর রহমান মিনি,শহিদুল ইসলাম সাইদুল, ইলিয়াস রহমান মিঠু, পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহ্বায়ক নজরুল ইসলাম তোতা,যুগ্ম আহ্বায়ক আনোয়ার হোসেন, জবেদ আলী, পৌর যুবদলের সদস্য সচিব জাহিদ হোসেন, যুগ্ম আহ্বায়ক আসাদুজ্জামান আসাদ,ফারুক হোসেন, আহসান হাবীব হাসান,পৌর ছাত্র দলের সদস্য সচিব তরিকুল ইসলাম, যুগ্ম আহ্বায়ক ইয়ারুল ইসলাম, আশরাফুল ইসলাম নিরব,টিটন রহমান,পৌর তাতীদলের আহ্বায়ক রবিউল ইসলাম রবি,পৌর মৎস্যজীবি দলের আহ্বায়ক নাজমুল কবির রিপন প্রমুখ। এসময় সাইফুল ইসলাম ফিরোজ করোনা ভাইরাস মোকাবেলায় দলীয় নেতৃবৃন্দের জনসাধারণের পাশে থাকার আহ্বান জানান।

ঝিনাইদহে ৬’শত পরিবারের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করলেন ব্যাবসায়ী-মোয়াজ্জেম

ঝিনাইদহে ৬শত নিম্নআয়ের মানুষের মাঝে ঈদ সামগ্রী বিতরণ করা হয়। শনিবার সকালে আরাপপুর এলাকায় এ ঈদ শুভেচ্ছা বিতরণ করেন জোহান ড্রিমভ্যালী পার্ক এন্ড রিসোর্টের ব্যাবস্থাপনা পরিচালক বিশিষ্ট ব্যাবসায়ী মোঃ মোয়াজ্জেম হোসেন। তিনি জানান
করোনাকালীন সময়ে নিম্নআয়ের মানুষের কষ্টের জীবনযাপনে কথা মাথায় রেখে তাদের কষ্ট কিছুটা কমানোর উদ্দেশ্যে এই ঈদ সামগ্রী বিতরণ করেন। ৬ শতাধিক নিম্নআয়ের মানুষের মাঝে ১০ কেজি চাল,২ কেজি ডাল, ২ কেজি আলু বিতরণ করেন তিনি।

করোনাকালীন সময়ে সকলের স্বাস্থ্যবিধি মেনে মুখে মাক্স ব্যবহার ও সামাজিক দূরত্ব মেনে চলার জন্য আহব্বান জানান তিনি।

হরিণাকুন্ডুর চাঁদপুর ইউনিয়নে ৯৫০ জনকে প্রধানমন্ত্রী ত্রাণ বিতরন

করোনাকালীন সময়ে ও পবিত্র ঈদুল আযহা উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার কতৃক প্রদত্ত ৯৫০ জন অসচ্ছল ব্যক্তিকে ১০ কেজি করে চাউল বিতরন করলেন ঝিনাইদহ হরিণাকুন্ডু উপজেলার ৮ নং চাঁদপুর ইউনিয়ন চেয়ারম্যান গোলাম মোস্তফা। শনিবার দুপুরে ইউনিয়ন পরিষদ প্রঙ্গনে স্বাস্থ্য বিধি মেনে সুবিধা ভোগীদের জাতীয় পরিচয় পত্র যাচাই-বাছাই করে বিতরনী কার্যক্রম করা হয়েছে।

চেয়ারম্যান গোলাম মোস্তফা জানাই আসন্ন পবিত্র ঈদুল আযহার আনন্দ সবার সাথে ভাগাভাগি করার স্বার্থে মাননীয় প্রধানমন্ত্রীর এই উপহার বিতরন হচ্ছে,স্বাস্থ্য বিধি মেনে জন সচেতনতা প্রচারনা করে এই বিতরনী কার্য করা হচ্ছে।ত্রান বিতরনীর সময় উপস্থিত ছিলেন হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কর্মকর্তার প্রতিনিধি হরিণাকুন্ডু সমবায় অফিসার মোছাঃ কামরুন্নাহার, অত্র ইউনিয়নের সচিব মোঃ আরশাফুল ইসলাম,ইউপি সদস্য গন,গ্রামপুলিশ ও গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

ছাত্রলীগ নেতার বিরুদ্ধে ছাগল চুরির অভিযোগ

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে এক মাদ্রাসা শিক্ষকের কুরবানির ছাগল চুরির অভিযোগ উঠেছে পৌর ছাত্রলীগের এক নেতার বিরুদ্ধে। এঘটনায় শুক্রবার সকালে সংশ্লিষ্ট থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন ভুক্তভোগী ওই শিক্ষক।

অভিযোগ সূত্রে জানাযায়, শহরের সলেমানপুর দাসপাড়ার মৃত আজিজুল হকের পুত্র মাদ্রাসা শিক্ষক মুহাঃ আসাদুজ্জামান কুরবানির জন্য একটি ছাগল লালন-পালন করেন। গত বুধবার (১৪ জুলাই) রাত ১২ টার পর বাড়ি থেকে ছাগলটি চুরি হয়ে যায়। সকালে অনেক খোঁজাখুঁজির পর তিনি জানতে পারেন, জীবননগর উপজেলার পুরন্দপুর গ্রামের মৃত আইতাল মন্ডলের ছেলে মোঃ নাজিম উদ্দিনের বাড়িতে চোরাইকৃত ছাগলটি আছে।

খোঁজ পেয়ে তিনি ওই স্থানে গেলে নাজিম উদ্দিন ও তার স্ত্রী জানায়, কোটচাঁদপুরের সলেমানপুর গ্রামের ইসলাম দফাদারের ছেলে পৌর শ্রমিকলীগের সহ-সাংগঠনিক সম্পাদক ইসরাফিল হাসান ঈসা, সাবেক পৌর কাউন্সিলর মৃত ফজলুর রহমানের ছেলে পৌর ছাত্রলীগ নেতা রুবায়েত ইসলাম রাহুল, মৃত আসাদুল ইসলামের ছেলে আবু সাঈদ ও একই এলাকার হুরমত আলীর ছেলে হাফিজুর রহমান ছাগলটি তার বাড়িতে রেখে গেছেন। এসময় ছাগলের মালিক ছাগলটি নিতে গেলে বাড়ির মালিক নাজিম উদ্দিন বাধা দেন। পরে তিনি কোটচাঁদপুর থানায় একটি লিখিত অভিযোগ করেন।

কোটচাঁদপুর মডেল থানার ওসি (তদন্ত) মোঃ ইমরান আলম জানান, ছাগল চুরির ঘটনায় লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত পূর্বক ব্যবস্থা গ্রহন করে চোরাইকৃত ছাগলটি উদ্ধার করা হবে। সেই সাথে অভিযুক্তদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

ঝিনাইদহে অস্ত্রসহ লাল্টু বাহিনীর সদস্য রনি আটক

সন্ত্রাসী ও নাশকতা কর্মকান্ড চালানোর খবর পেয়ে র্যাব-৬ রনি আহম্মেদ (৩১) নামে এক সন্ত্রাসীকে অস্ত্রসহ আটক করেছে। রনি ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী গ্রামের শরিফুল ইসলামের ছেলে ও পান্তাপাড়া গ্রামের লাল্টু বাহিনীর সদস্য।

এ সময় তার কাছ থেকে দেশীয় তৈরি একটি ওয়ান শুটারগান, তিন রাউন্ড গুলি, একটি মোবাইল সেট ও দুইটি সিমকার্ড উদ্ধার করা হয়। ঝিনাইদহ র্যাবের এক সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয় ১৪ জুলাই মধ্যরাতে খবর পেয়ে

ঝিনাইদহ সদর উপজেলার সাধুহাটী গ্রামের হারেজ মোড় থেকে তাকে আটক করা হয়। কোন কিলিং মিশন বাস্তাবায়নের জন্য রনি সেখানে অপেক্ষা করতে পারে বলে র্যাবের সুত্রগুলো জানায়।

ঝিনাইদহে করোনা ও উপসর্গে ২৪ ঘন্টায় ৮ জনের মৃত্যু, নতুন আক্রান্ত ২৩৬

ঝিনাইদহে করোনায় আক্রান্ত হয়ে ও উপসর্গ নিয়ে গত ২৪ ঘন্টায় মারা গেছে ৮ জন। এছাড়া নতুন করে
জেলায় আক্রান্ত হয়েছে ২’শ ৩৬ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বৃহস্পতিবার সকাল ৮ টা থেকে শুক্রবার সকাল ৮ টা পর্যন্ত সদর হাসপাতালে করোনায় আক্রান্ত হয়ে ২ জন ও উপসর্গ নিয়ে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে ৪ জন। এছাড়াও শহরের ইসলামীয়া হাসপাতালে ও চাকলাপাড়ায় উপসর্গ নিয়ে মারা গেছে আরও ২ জন।
এদিকে শুক্রবার সকালে আসা ৭১০ টি নমুনার ফলাফলে ২’শ ৩৬ জনের করোনা পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৩৮ দশমিক ২ ভাগ। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাড়ালো ৬ হাজার ২’শ ৭৫ জনে। গত ২৪ ঘন্টায় সুস্থ হয়েছে ৩০ জন।

কনকর্ড ফার্মসিটিক্যালস এর উদ্যোগে কোটচাঁদপুর

স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনায় আক্রান্ত মুমূর্ষ রোগীদের সু-চিকিৎসা নিশ্চিত করতে “নওয়াপাড়া গ্রুপ” এর অঙ্গ প্রতিষ্ঠান কনকর্ড ফার্মাসিটিক্যালস এর উদ্যোগে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে অক্সিজেন সিলিন্ডার প্রদান করা হয়েছে।

বৃহস্পতিবার কনকর্ড ফার্মাসিটিক্যালস এর পক্ষ থেকে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মানবতার দেয়ালে স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের নিকট প্রতিষ্ঠানের ন্যাশনাল সেলস ম্যানেজার মোঃ শাহরিয়ার উজ্জল ১০টি ৯০ লিটারের অক্সিজেন সিলিন্ডার, ২টি অক্সিজেন কনসেনট্রেটর ও ৮০ ফাইল হ্যান্ড স্যানিটাইজার হস্তান্তর করেন।

এসময় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ বলেন, মহামারীর এই সংকটে করোনায় আক্রান্ত আইসোলেশনে চিকিৎসাধীন মুমূর্ষ রোগীদের জন্য অক্সিজেন খুবই জরুরী। এই সংকটাপূর্ণ পরিস্থিতে কনকর্ড ফার্মাসিটিক্যালস প্রতিষ্ঠানের উদ্যেগে অক্সিজেন সিলিন্ডারের ব্যবস্থা করে যে মানবিক সহায়তা করা হচ্ছে, মহামারী করোনা চিকিৎসা সেবায় তা গুরুত্বপূর্ন ভূমিকা রাখবে।

এসময় উপস্থিত ছিলেন, কনকর্ড ফার্মাসিটিক্যালস এর পিএমডি ম্যানেজার মোঃ মকবুল হোসেন, সহকারি সেলস ম্যানেজার মোঃ শাহিন জোয়ার্দার, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডাঃ মোঃ ফারুক হুসাইন সহ স্বাস্থ্য কমপ্লেক্সের কর্মকর্তা- কর্মচারীরা।

ঝিনাইদহে আশ্রয়নের বাসিন্দাদের মাঝে সবজি বীজ বিতরণ

ঝিনাইদহ সদর উপজেলার পাগলা কানাই ইউনিয়নের বানিয়াকান্দর আশ্রয়ন প্রকল্পের ৪৬ টি পরিবারের মাঝে বিভিন্ন প্রজাতির সবজি বীজ বিতরণ করা হয়েছে।
বৃহস্পতিবার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা কৃষি বিভাগের পক্ষ থেকে এ বীজ বিতরণ করা হয়। এসময় উপস্থিত ছিলেন জেলা কৃষি সম্পসারণ অধিদপ্তরের উপ-পরিচালক আজগর আলী, সদর উপজেলা কৃষি কর্মকর্তা জাহিদুল করিমসহ অন্যান্যরা।
এসময় জানানো হয়, আশ্রয়ন প্রকল্পের বাসিন্দাদের বাড়ির আঙিনায় সবজি চাষে উদ্বুদ্ধ করতে উন্নত জাতের লাউ, কুমড়া, ঢেড়শ, পুইশাকের বীজ বিতরণ করা হয়েছে।

ঝিনাইদহে ২৪ঘন্টায় ৭ জনের মৃত্যু, আক্রান্ত ৯৪

ঝিনাইদহে গত ২৪ ঘন্টায় করোনা ও উপসর্গ নিয়ে মারা গেছে ৭ জন। এছাড়াও নতুন করে আক্রান্ত হয়েছে ৯৪ জন।
সিভিল সার্জন ডা: সেলিনা বেগম জানান, বুধবার সকাল ৮ টা থেকে বৃহস্পতিবার সকাল ৮ টা পর্যন্ত সদর হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় করোনায় আক্রান্ত হয়ে ৪ জন ও উপসর্গ নিয়ে মারা গেছে ৩ জন।

তিনি আরও জানান, বৃহস্পতিবার সকালে ঝিনাইদহ ল্যাব থেকে ২৭৭ জনের নমুনার ফলাফল এসেছে। এদের মধ্যে ৯৪ জনের ফলাফল পজেটিভ এসেছে। আক্রান্তের হার ৩৩ দশমিক ৯৩ ভাগ। এ নিয়ে নিয়ে জেলায় মোট আক্রান্ত রোগীর সংখ্যা দাড়ালো ৬ হাজার ৩৯ জনে। এছাড়াও গত ২৪

ঘন্টায় কেউ সুস্থ হয়নি।